

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
উন্নয়ন শাখা
রমনা, ঢাকা
www.publiclibrary.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০০.০০৬.৩৮.০০০৬.২৬.৬

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সরকারি গণগ্রন্থাগারের মালিকানাধীন বা ব্যবহৃত জমি/জায়গা সংশ্লিষ্ট সরকারি
গণগ্রন্থাগারের নামে নামজারি সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: অধিদপ্তরের ফেব্রুয়ারি ২০২৬ মাসের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারের ব্যবহৃত বা মালিকানাধীন জমি/জায়গার যথাযথ সংরক্ষণ ও আইনগত সুরক্ষা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারের নামে নামজারি (Mutation) সম্পন্ন করা অত্যন্ত জরুরি।

২। পরিলক্ষিত হয়েছে যে, অনেক ক্ষেত্রে গণগ্রন্থাগারের জমি সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারের নামে নামজারি করা হয়নি। এ সংক্রান্ত হালনাগাদ তথ্য সংগ্রহের লক্ষ্যে সংযুক্ত ছক অনুযায়ী আপনার অধীন সরকারি গণগ্রন্থাগারের প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রয়োজ্য ক্ষেত্রে নামজারি সম্পন্ন না হওয়ার কারণ ও বর্তমানে গৃহীত ব্যবস্থা বিস্তারিতভাবে উল্লেখ করতে হবে এবং প্রাসঙ্গিক কাগজপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।

০৩। বিষয়টি জরুরি বিবেচনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: তথ্য ছক (১ পৃষ্ঠা)

০১-০৩-২০২৬

সঞ্জীব সূত্রধর
পরিচালক

ফোন : ০২২২২২৯৪৫৮

ইমেইল : sangib_ict75@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর এবং
- ২। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), (সকল)।

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০০.০০৬.৩৮.০০০৬.২৬.৬/১ (২)

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক , পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর এবং

২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর।





০১-০৩-২০২৬

খালিদ মোহাম্মদ সাইফুল্লাহ
সিনিয়র লাইব্রেরিয়ান

তথ্য ছক (নমুনা)

বিভাগ	জেলা/ উপজেলা	মোট জমির পরিমাণ (একর/ শতাংশ)	মৌজা, খতিয়ান নং, জে, এল নং ও দাগ নং	নামজারি সংক্রান্ত তথ্য (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/ গণগ্রন্থাগার অধিদপ্তর/ সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারে নামে আছে কিনা; না থাকলে যে নামে আছে অথবা খাস জমি কিনা)	গৃহীত পদক্ষেপ (নামজারি সম্পন্ন করতে কি কি পদক্ষেপ নেয়া হয়েছে)
ঢাকা	ঢাকা (গণগ্রন্থাগার অধিদপ্তর ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার)	৩.৪৬ একর	মৌজা: রমনা; খতিয়ান: ২; জে, এল নং: ৭; দাগ নং: ১০০৭	গণগ্রন্থাগার অধিদপ্তর বা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের নামে নামজারি নেই। বাংলাদেশ সরকারের পক্ষে সড়ক ও জনপথের নামে নামজারি করা।	(১) নিয়মিত ভূমি কর পরিশোধ করা হচ্ছে; (২) নামজারির বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে; (৩) সেটেলমেণ্ট অফিসারের কার্যালয়ে দালালিক প্রমাণসহ শুনানীতে অংশগ্রহণ; (৪) প্রকল্পের কাজ সমাপ্ত হলে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।